**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 05-12-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ মহারাষ্ট্রের নবী মুম্বাইয়ে ত্রিপুরা ভবন নির্মাণের জন্য প্রস্তাবিত জমি পরিদর্শন করেন ।**

**(২) বিজেপি নেতা দেবেন্দ্র ফড়নবীশ আজ মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন ।**

**(৩) দিল্লির প্রগতি ময়দানের ভারত মণ্ডপমে আগামীকাল থেকে ৮ই ডিসেম্বর পর্যন্ত প্রথম অষ্টলক্ষ্মী মহোৎসব পালিত হবে ।**

**************************************************

**Mumbai Tripura Bhaban-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ মহারাষ্ট্রের নবী মুম্বাইয়ে খরঘর সেক্টর-১৬ এলাকায় ত্রিপুরা ভবন নির্মাণের জন্য প্রস্তাবিত জমি পরিদর্শন করেন। পরিদর্শনের পর তিনি সাংবাদিকদের বলেন, মুম্বাইয়ে ত্রিপুরা ভবন নির্মাণের জন্য ইতিমধ্যে রাজ্য মন্ত্রিসভায় সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এরজন্য ১০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। মুখ্যমন্ত্রী আরো বলেন,

##########Byte##########

**********************************

**CM, Maharashtra :**

বিজেপি নেতা দেবেন্দ্র ফড়নবীশ আজ মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন। দুই উপ-মুখ্যমন্ত্রী হিসেবে শিবসেনার একনাথ শিন্ডে এবং জাতীয়তাবাদী কংগ্রেস পার্টির অজিত পাওয়ার শপথ গ্রহণ করেন। বিজেপি-শিবসেনা-এনসিপি জোট সম্প্রতি অনুষ্ঠিত মহারাষ্ট্র বিধানসভা নির্বাচনে ২৮৮টি আসনের মধ্যে ২৩০টি আসনে জয়লাভ করেছে। মুম্বাইয়ের আজাদ ময়দানে শপথ গ্রহণ অনুষ্ঠানে মহারাষ্ট্রের রাজ্যপাল সিপি রাধাকৃষ্ণান মুখ্যমন্ত্রী এবং দুই উপ-মুখ্যমন্ত্রীকে দপ্তর ও গোপনীয়তার শপথ পাঠ করান। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, বরিষ্ঠ কেন্দ্রীয় মন্ত্রী, রাজ্যপাল, এনডিএ-শাসিত রাজ্যগুলির মুখ্যমন্ত্রীরা, দলের কর্মকর্তারা এবং মহাযুতির নেতারা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডঃ মানিক সাহাও শপথগ্রহণ অনুষ্ঠানে যোগ দেন।

***************************

**District Level Science Exibition-Udaipur :**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় আজ উদয়পুরের চন্দ্রপুর কলোনী উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে ২ দিনব্যাপী গোমতী জেলাভিত্তিক বাল বৈজ্ঞানিক প্রদর্শনীর উদ্বোধন করেন। এই প্রদর্শনী উপলক্ষে বিজ্ঞান বিষয়ে আয়োজিত এক সেমিনারে অর্থমন্ত্রী বলেন, ছাত্রছাত্রীদের বিজ্ঞান ভাবনাকে প্রকাশ করার জন্য এই প্রদর্শনী গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিধায়ক অভিষেক দেবরায় ও উদয়পুর পুরপরিষদের চেয়ারপার্সন শীতল চন্দ্র মজুমদার। স্বাগত ভাষণ দেন চন্দ্রপুর কলোনী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের প্রিন্সিপাল মৌসুমী সাহা। জেলাভিত্তিক বাল বৈজ্ঞানিক প্রদর্শনীতে গোমতি জেলার বিভিন্ন বিদ্যালয় থেকে ৬১টি মডেল প্রদর্শিত হয়েছে। আগামীকাল এই প্রদর্শনীর সমাপ্তি হবে।

***************************

**Sudhangsu Das-North :**

প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস আজ ধর্মনগর টাউন হলে আয়োজিত এক অনুষ্ঠানে উত্তর জেলার লাভার্থীদের মধ্যে "প্রাণী পালক সম্মান নিধি" ও "মুখ্যমন্ত্রী মৎস্য সহায়ক যোজনায় আর্থিক সহায়তা প্রদান করেন। তিনি বলেন সরকার মাছ উৎপাদনে রাজ্যকে স্বয়ংসম্পূর্ণ করার জন্য সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উত্তর জেলার জেলাশাসক দেবপ্রিয় বর্ধন।

****************************

**World Soil Day :**

ধলাই জেলার সালেমায় কৃষি বিজ্ঞান কেন্দ্রে আজ বিশ্ব মৃত্তিকা দিবস উদযাপন করা হয়। এই সঙ্গে কৃষি স্বর্ণ সমৃদ্ধি সপ্তাহের সূচনা করেন কৃষিমন্ত্রী রতনলাল নাথ। অনুষ্ঠানে তিনি বলেন, বর্তমানে সরকারের মূল লক্ষ্য হচ্ছে কৃষক সহ রাজ্যের অন্তিম ব্যক্তি পর্যন্ত উন্নয়নের সুফল পৌঁছে দেওয়া। রাজ্যের কৃষি বিজ্ঞান কেন্দ্রের কাজকর্মের প্রশংসা করেন কৃষিমন্ত্রী।

এই অনুষ্ঠানে কৃষকদের মধ্যে ৫০ হাজার কেজি আলু বীজ, ১০০ জন কৃষককে কৃষি যন্ত্রপাতি ও প্রায় ১০০০ জন কৃষককে নানা জাতের সবজি বীজ দেওয়া হয়। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক পল ড্যাংশু, শম্ভু লাল চাকমা, মনোজ কান্তি দেব, স্বপ্না পাল দাস, কৃষি অধিকর্তা ড. এস দাস প্রমুখ।

কৃষিমন্ত্রী শ্রী নাথ আজ ধলাই জেলার বামন ছড়ায় ১ হাজার মেট্রিক টন ক্ষমতা সম্পন্ন ধান গুদামের উদ্বোধন করেন।

*****************************

**World Soil Day-Seminar :**

বিশ্ব মৃত্তিকা দিবস উপলক্ষ্যে আজ অরুন্ধতীনগর কৃষি কেন্দ্রে ইনস্টিটিউশন অফ ইঞ্জিনিয়ার্স এসোসিয়েশন কৃষি বিভাগ এবং

কৃষক কল্যাণ দপ্তরের সহায়তায় বিশ্ব মৃত্তিকা দিবস উদযাপনের অঙ্গ হিসেবে মাটির যত্ন নেওয়া শীর্ষক এক সেমিনারের আয়োজন করা হয়। উদ্বোধন করেন পশ্চিম ত্রিপুরার জেলা সভাধিপতি বলাই গোস্বামী।

****************************

**Awareness Program-Unakoti :**

ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশনের উদ্যোগে আজ কৈলাশহরের মনুভ্যালিতে এক সচেতনতামূলক কর্মসূচি অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায়। বিষয় ছিল "লিঙ্গ বৈষম্যগত নির্যাতন নিমূলীকরণ বিষয়ক সচেতনতা"। মন্ত্রী টিংকু রায় তাঁর ভাষনে বাল্যবিবাহ রোধে সবাইকে একজোট হয়ে এগিয়ে আসার আহ্বান জানান। এক্ষেত্রে ব্যাপক জনসচেতনতা সৃষ্টির উপর তিনি গুরুত্বারোপ করেন। বক্তব্য রাখেন, ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশনের চেয়ারপার্সন জয়ন্তী দেববর্মা, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, জেলা শাসক দিলীপ কুমার চাকমা, সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের অধিকর্তা তপন কুমার দাশ প্রমুখ। এখানে অনুষ্ঠিত হয় স্বাস্থ্য শিবির। তাছাড়া শিশুদের মধ্যে শীতবস্ত্র কম্বল বিতরণ করা হয়।

****************************

**Expired :**

সিপিআইএম-এর কুমারঘাট মহকুমা সম্পাদক মিন্টু চন্দ্র দাস আজ সকালে আগরতলার একটি হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তিনি কিডনি জনিত সমস্যা ভুগছিলেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৫৮ বছর। তাঁর মরদেহ কুমারঘাটে এসে পৌঁছলে এক শোক মিছিল হয়। এতে অংশ নেন প্রাক্তন মন্ত্রী রতন ভৌমিক সহ পার্টির নেতা-কর্মীরা।

****************************

**Loknritya-Khowai :**

খোয়াই জেলা শিক্ষা দপ্তরের উদ্যোগে আজ খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে অভিনয় এবং লোকনৃত্যের উপর একটি প্রতিযোগিতার আয়োজন করা হয়। খোয়াই জেলার মোট ১৪টি বিদ্যালয় এই লোকনৃত্য প্রতিযোগিতায় অংশ গ্রহণ করে।

**************************

**Ashtalakshmi Mahotsav :**

উত্তর-পূর্ব ভারতের সংস্কৃতি হল শতাব্দী প্রাচীন ঐতিহ্য, বিভিন্ন ভাষা, সমৃদ্ধ লোককাহিনী এবং অসাধারণ প্রাকৃতিক দৃশ্যে বোনা একটি প্রাণবন্ত রূপ। এই অঞ্চলে প্রাচীন রীতিনীতি এবং আধুনিক অগ্রগতির সংমিশ্রণে প্রতিটি সম্প্রদায়ের নিজস্ব স্বতন্ত্র পরিচয় রয়েছে। এই অসাধারণ সংস্কৃতিকে উদযাপন করতে, দিল্লির প্রগতি ময়দানের ভারত মণ্ডপমে আগামীকাল থেকে ৮ই ডিসেম্বর পর্যন্ত প্রথম অষ্টলক্ষ্মী মহোৎসব পালিত হবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উৎসবের উদ্বোধন করবেন। এই উৎসব আয়োজনের উদ্দেশ্য হল উত্তর-পূর্ব ভারতের আটটি রাজ্যের সৌন্দর্য, বৈচিত্র্য এবং প্রতিশ্রুতি প্রদর্শন করা। আসাম, অরুণাচল প্রদেশ, মেঘালয়, মণিপুর, নাগাল্যান্ড, মিজোরাম, ত্রিপুরা, এবং সিকিম, 'অষ্টলক্ষ্মী' নামে পরিচিত, এই রাজ্যগুলি দেবী লক্ষ্মীর সমৃদ্ধির আটটি রূপ, সমৃদ্ধি, ঐশ্বর্য, বিশুদ্ধতা, সম্পদ, জ্ঞান, কর্তব্য, কৃষি এবং পশুপালনকে মূর্ত করে তোলে। উৎসবে প্রত্যেকটি রাজ্য তাদের নিজস্ব সমৃদ্ধ সংস্কৃতি এবং ঐতিহ্যকে সামনে নিয়ে আসবে এবং বিশ্বের জন্য এই অঞ্চলের শিল্প, কারুশিল্প, সঙ্গীত এবং অর্থনৈতিক বৃদ্ধির অভিজ্ঞতা লাভের সুযোগ ঘটবে। এর মাধ্যমে ভবিষ্যতে ভারতের অর্থনৈতিক উন্নয়ন এবং একীকরণের অংশ হয়ে উঠবে উত্তর পূর্বাঞ্চল।

প্রথম অষ্টলক্ষ্মী মহোৎসবের লক্ষ্য হল উত্তর-পূর্ব ভারতের বস্ত্র শিল্প, পর্যটনের সুযোগ ঐতিহ্যবাহী কারুশিল্প এবং জি আই ট্যাগযুক্ত পণ্যগুলি প্রদর্শনের জন্য একটি গতিশীল মঞ্চ প্রদান করা।

এই মহোৎসবের মাসকট, পূরবী নামের একটি তরুণী। মহোৎসবে ২৫০-রও বেশি কারিগর ৩৪টি জিআই ট্যাগযুক্ত পণ্য সহ অনন্য হস্তশিল্প, তাঁত এবং কৃষি ও উদ্যান পণ্য প্রদর্শন করবেন।

উৎসবের কারিগরি অধিবেশনে নারী নেতৃত্ব, আইটি, শক্তি, স্বাস্থ্যসেবা এবং অনেক গুরুত্বপূর্ণ উন্নয়ন ক্ষেত্রগুলিতে আলোকপাত করবে। এছাড়াও সাংস্কৃতিক অনুষ্ঠান, ফ্যাশন শো ইত্যাদি থাকবে। এই মহোৎসবে উত্তর-পূর্ব ভারতে বিনিয়োগের সুযোগগুলি তুলে ধরা হবে।

*********************************

**Saras Mela-Meeting :**

আগামী ১৪ই ডিসেম্বর থেকে ২৬শে ডিসেম্বর পর্যন্ত হাপানিয়ার আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে সরস মেলা অনুষ্ঠিত হবে। আজ পশ্চিম ত্রিপুরা জেলা শাসকের কার্যালয়ে এই মেলার প্রস্তুতি কমিটির বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে পৌরহিত্য করেন মেলা কমিটির চেয়ারম্যান তথা বিধায়ক মীনা রানী সরকার।

******************************

**Blood Donation-South :**

ডিওআইএফের উদ্যোগে আজ বিলোনিয়ার ভারতচন্দ্র নগরের স্কুলটিলায় রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ২০ জন স্বেচ্ছায় রক্তদান করেন। উপস্থিত ছিলেন বিধায়ক দীপংকর সেন, প্রাক্তন বিধায়ক বাসুদেব মজুমদার, সুধন দাস ডিওয়াইএফআই রাজ্য সম্পাদক নবারুণ দেব, টিওয়াইএফ'র কেন্দ্রীয় কমিটির সভাপতি কৌশিক রায় দেববর্মা প্রমুখ।

*****************************

**DYFI-Udaipur :**

ডিওয়াইএফআই-টিওয়াইএফ উদয়পুর বিভাগীয় কমিটির উদ্যোগে আজ উদয়পুরে এক গণকনভেনশন অনুষ্ঠিত হয়। সিপিআই(এম)-এর উদয়পুর মহকুমা কার্যালয়ে আয়োজিত

কনভেনশনের কর্মসংস্থান, আইনের শাসন পুনঃপ্রতিষ্ঠা করা সহ তিন দফা দাবির স্বপক্ষে বক্তব্য রাখেন ডিওয়াইএফআই রাজ্য সভাপতি পলাশ ভৌমিক, টিওয়াইএফ কেন্দ্রীয় সম্পাদকমন্ডলীর সদস্য সুভাষ দেববর্মা, ডিওয়াইএফআই উদয়পুর বিভাগীয় সম্পাদক শুভ চক্রবর্ত্তী, টিওয়াইএফ বিভাগীয় সম্পাদক রাজেন্দ্র জমাতিয়া।

*************************

**DYFI-South :**

জোলাইবাড়ি ব্লকের কলসীমুখে আয়োজিত কনভেনশনে বক্তব্য রাখেন ডিওয়াইএফআই রাজ্য সম্পাদক নবারুন দেব, টিওয়াইএফের কেন্দ্রীয় কমিটির সভাপতি কৌশিক রায় দেববর্মা টিওয়াইএফের মহকুমা সম্পাদক নয়নমনি মুড়াসিং প্রমুখ।

**************************

**BSF recover gold :**

সোনামুড়া মহকুমার এনসি নগর সীমান্তে বিএসএফ ৮১ নম্বর ব্যাটেলিয়ানের জওয়ানরা গতকাল রাতে এক অভিযান চালিয়ে ২ কেজি ১৮০ গ্রাম স্বর্ণ উদ্ধার করে। যার বাজার মূল্য প্রায় ১ কোটি ৭১ লক্ষ টাকা। বিএসএফ শালবাগান কার্যালয় থেকে আজ এখবর জানানো হয়েছে।

************************

**ADC :**

এডিসি'র কৃষি দপ্তরের মিলনায়তনে আজ ভূমিলেখ্য ও ভূমি বন্দোবস্ত দপ্তরের উদ্যোগে ২২টি সাব ডিভিশন কমিটি ও জোন্যাল সাব জোন্যালের চেয়ারম্যান এবং আধিকারিকদের নিয়ে আলোচনা সভা হয়। ভূমিলেখ্য ও ভূমি বন্দোবস্ত দপ্তরের নির্বাহী সদস্য ভবরঞ্জন রিয়াং এর সভাপতিত্বে এডিসি এলাকায় বসবাসরত জনগণদের খাস জায়গা জমি বরাদ্দ বিষয়ে স্থানীয় সাবজোন্যাল

অফিসে আবেদন করার সিদ্ধান্ত নেওয়া হয় সভায়। সভায় জানানো হয়, ২২টি সাব ডিভিশন কমিটির মাধ্যমে অতিসত্ত্বর পদক্ষেপ গ্রহণ করার প্রয়াস জারী রাখা হয়েছে। আজকের সভায় উপস্থিত ছিলেন শিক্ষা দপ্তরের নির্বাহী সদস্য রবীন্দ্র দেববর্মা, স্বাস্থ্য দপ্তরের নির্বাহী সদস্য কমল কলই, ক্রীড়া দপ্তরের নির্বাহী সদস্য সুহেল দেববর্মা, এমডিসি ধীরেন্দ্র দেববর্মা, এমডিসি উমাশক্ষকর দেববর্মা, দেবজিৎ ত্রিপুরা, গনেশ দেববর্মা, সওদাগর কলই ও মুখ্যনির্বাহী আধিকারিক সি. কে. জমাতিয়া, ভূমিলেখ্য ও ভূমি বন্দোবস্ত দপ্তরের প্রধান আধিকারিক বুধুলিয়ান রাংখল প্রমুখ।

*****************************

**Pensioners Association-South :**

ত্রিপুরা গভ: পেনশর্নাস এসোসিয়েশনের উদ্যোগে আজ বিলোনিয়ায় প্রবীণদের সংবর্ধনা জ্ঞাপন অনুষ্ঠানের আয়োজন করা হয়। উদ্বোধন করেন বিধায়ক অশোক কুমার মিত্র। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিধায়ক দীপংকর সেন। তারা প্রবীণ-প্রবীণাদের হাতে সংবর্ধনা স্মারক তুলে দেন।

**************************

**South District Level Athletics meet :**

দক্ষিন ত্রিপুরা জেলাভিত্তিক এথলেটিক্স মিট আজ বিলোনিয়ার বিদ্যাপীঠ মাঠে অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন দক্ষিণ জেলার জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত। জেলাভিত্তিক এই অ্যাথলেটিক্স মিটে জেলার ৬০ জন প্রতিযোগী লংজাম্প, হাইজাম্প, দৌড়, জেভলিন থ্রো সহ ২৮টি ইভেন্টে অংশ নেন। আসর থেকে নির্বাচিত ৩০ জন খেলোয়াড় আগামী ২১ থেকে ২৩শে ডিসেম্বর পর্যন্ত পশ্চিম জেলার রানীরবাজারে অনুষ্ঠিতব্য রাজ্য আসরে অংশ নেবেন।

******************************

**Mushtaq Ali :**

মুস্তাক আলী ট্রফি টি-২০ ক্রিকেট প্রতিযোগিতার গ্রুপের সপ্তম তথা শেষ খেলায় ত্রিপুরা পরাজিত হয়েছে। ইন্দোরে অনুষ্ঠিত খেলায় সৌরাষ্ট্র ৪ উইকেটে রাজ্যদলকে হারিয়ে দেয়। ফলে আসরে সাতটি ম্যাচের মধ্যে মাত্র দুটিতে জয় পেলেও রাজ্যদল অপর ৫টি ম্যাচে হেরে যায়।

**************************************************

**Weather :**

আগামীকাল আকাশ পরিস্কার থাকবে। সকালে কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৭ দশমিক আট ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫ ডিগ্রি সেলসিয়াস।

***************************